দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 AUG 2016
পৃষ্ঠা 6 কলাম 2

# বেসরকারি কলেজের একাদশ-দ্বাদশ শ্রেণির বেতন

ঢাকা শহরের বেসরকারি কলেজগুলো ইচ্ছামতো ছাত্র-ছাত্রীদের কাছ থেকে বেতন আদায় করছে। এদের নিয়ন্ত্রণ করার মতো কেউ নেই। মতিঝিল আইডিয়াল কলেজ কর্তৃপক্ষ সরকারি চাকরিজীবীদের বেতন বৃদ্ধির কারণ দেখিয়ে গত দুই বছরে কয়েকদফা বেতন বাড়িয়েছেন। এ নিয়ে অভিভাবকগণ প্রতিবাদ করলেও কর্তৃপক্ষ তাতে কর্ণপাত করেননি। বেতন ছাড়াও বিভিন্ন খাত দেখিয়ে ছাত্রীদের কাছ থেকে অনেক টাকা আদায় করছেন। এ অবস্থায় বেসরকারি কলেজগুলোর একাদশ-দ্বাদশ শ্রেণির মাসিক বেতন নির্ধারণের জন্য উদ্যোগ নিতে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**মো. আবদুল আজিজ,**
৫৭/২/ এ পশ্চিম মাদারটেক, খিলগাঁও, ঢাকা।